

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। খাবার (এক শ্রেণীর হলে) পাত্রের এক ধার থেকে খান, নিজের পার্শ্ব থেকে খান। খাবার পাত্রের মাঝখান হতে খাওয়া উচিত নয়

কারণ, মহানবী (ﷺ) উমার বিন আবী সালামাহ (রাঃ) কে বলেছিলেন, “ওহে বৎস! আল্লাহর নাম নাও, তোমার ডান হাত দিয়ে খাও এবং নিজের তরফে একধার থেকে খাও।”[1]

মহানবী (ﷺ) বলেন, “তোমাদের কেউ যখন খাবার খায়, তখন সে যেন পাত্রের উপর (মাঝখান) থেকে না খায়। বরং পাত্রের নিচে (একধার) থেকে খায়। কারণ বরকত তার উপর (মাঝখান) অংশে নাযিল হয়।”[2]

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২২

[2]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২৪৩৫, আবু দাউদ হা/৩৭৭২, তিরমিযী হা/১৮০৫, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩২৭৭, দারেমী আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২০৪৬

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=6963>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন